আলোচিত বোমা কালাম ছিনতাইয়ের ঘটনায় আবারো গ্রেফতার

বেলগাছি গ্রামের আলোচিল সেই বোমা কালামকে আবারও গ্রেফতার করেছে পুলিশ। গত শনিবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে ছিনতাই মামলায় তাকে নিজ গ্রাম থেকে আটক করে।

বোমা কালামের বিরুদ্ধে হত্যা, ডাকাতি, অপহরণ, বোমা হামলা, মাদকসহ ৬/৭টি মামলা রয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছী গ্রামের সাহেব আলী মালিথার ছেলে বোমা কালাম (৪০)। গত কয়েক মাস পূর্বে আলমডাঙ্গা- চুয়াডাঙ্গা সড়কের উত্তরা ফিলিং স্টেশনের নিকটবর্তী ছিনতায়ের ঘটনা ঘটে। ছিনতাইকারীরা চুয়াডাঙ্গার হার্ডওয়ার ব্যবসায়ী আলাউদ্দিনকে মোটরসাইকেল গতিরোধ করে ৩/৪জন মিলে একটি ফাঁকা স্থানে নিয়ে যায়।

সেখানে নিয়ে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুত্বর আহত করে। তাকে হাত, পা বেধে ব্যবহৃত মোটর সাইকেলসহ টাকা পয়সা ছিনিয়ে নেয়। এ ঘটনায় হার্ডওয়ার ব্যবসায়ী আলাউদ্দিন বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন।

ওই মামলায় আলমডাঙ্গা থানা পুলিশ পূর্বের গ্রেফতারকৃত আসামীর স্বাকারোক্তীকে বোমা কালামকে গ্রেফতার করে।

আলমডাঙ্গায় স্বাস্থ্যবিধী না মানায় ৩ জনকে জরিমানা

আলমডাঙ্গায় সরকারি বিধি নিষেধ অমান্য করে মোটরসাইকেল নিয়ে রাস্তায় বের হওয়ার অপরাধে ৩ জনকে জরিমানা করেছে। রবিবার আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার(ভূমি) হুমায়ন কবীর আলমডাঙ্গা থানা পুলিশ ও সেনাবাহিনীর একটি টিম সঙ্গে নিয়ে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা শহরের স্বাধীনতা স্তম্ভ মোড়, নতুন বাস স্টান্ড, রেল ষ্টেশন, লাল ব্রিজ, সাদাব্রিজ, কালিদাসপুর, আনন্দধাম ব্রিজসহ শহরের বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করেন। পরে সরকারি বিধি নিষেধ অমান্য করে মোটরসাইকেল নিয়ে বাইরে আসার অপরাধে শহরের আফিল উদ্দিন রোড, মাছ বাজার ও হাজী মোড় এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

আলমডাঙ্গা বাজারের লিটন আলীর ছেলে শুভ আলীকে ৫শ টাকা, আব্দুল হান্নানের ছেলে সামাদ আলীকে ১হাজার টাকা, মিরপুর উপজেলার বাজিতপুর গ্রামের মুক্তার আলীর ছেরে নাজমুলকে ৫শ টাকা জরিমানা করেন।

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি না মানায় ভ্রাম্যমান আদালতে ১৭ জনকে অর্থদন্ড

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি না মানায় মাক্স পরিধান না করায় মোবাইল কোর্ট পরিচালনায় ১৭ জনকে ২২ হাজার ১’শ টাকা অর্থদন্ড করা হয়েছে।করোনা পার্দূভাব নিয়ন্ত্রণ ও লকডাউনে বিধিনিষেধ বাস্তবায়নে শনিবার দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ জনকে ২২ হাজার ১’শ টাকা অর্থদন্ড প্রদান করেন।

দামুড়হুদা উপজেলা বিভিন্ন স্থানে বিষ্ণুপুর- জুড়ানপুর-গয়েশপুর-লক্ষীপুর-নতিপোতা-ভগিরতপুর- চারুলিয়া-নাটুদাহ-ঘচিয়ারমোড়-হুদাপাড়া-মুন্সীপুর-কুতুবপুর,পীরপুরকুল্লা-ঠাকুরপুর-কার্পাসডাঙ্গা,বাঘাডাঙ্গা,মোক্তারপু,ঠাকুরপুর,কুড়ালগাছী,প্রতাপপুর,রুদ্রনগর, সদাবরী, জিরাট-বড়বলদিয়া, বাড়াদি-পারকৃষ্ণপুর-মদনা, নাস্তিপুর-দর্শনা,পৌরসভা-কামারপাড়া রামনগর, হাউলী রেলগেট-লোকনাথপুর, জয়রামপুর অর্থদন্ড করেন গতকাল শনিবার মোবাইল কোর্ট পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।

মোবাইল কোর্ট পরিচালনা কালে দণ্ডবিধি ১৮৬০ এর ২৬৯ ধারায় ৯টি মামলায় ১৭জনকে ২২ হাজার ১’ শ টাকা অর্থদন্ড করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ, মোবাইল কোর্ট পরিচালনা কালে উপজেলা সহকারী

কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ জনস্বার্থে এসময় তিনি বলেন করোনা থেকে রক্ষা পেতে হলে আমাদের সরকারের দেওয়া সকল ধরনের বিধিনিষেধ মেনে চলতে হবে। সীমান্তবর্তী এলাকাগুলোতে। ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ। কয়েকদিনের ব্যবধানে মৃত্যুর হার বেড়েই চলেছে ।

আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি। আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার ।

এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকার জন্য পরামর্শ দেন আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার দ্বিতীয় ঢেউ। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

কুষ্টিয়ায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে দুই কেজি গাঁজা সহ মোঃ রতন সর্দার (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। শুক্রবার দুপুরে দৌলতপুর উপজেলার দাড়েরপাড়া-গোড়ারপাড়া জামে মসজিদ এর সামনে পাঁকা রাস্তার উপর হইতে তাকে আটক করা হয়।

এসময় তার কাছে থাকা একটা ব্যাগ থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটককৃত রতন সর্দার দৌলতপুর উপজেলার ভাগজোত (বাজারপাড়া) এলাকার মৃত লুৎফর রহমানের ছেলে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দীন জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার সকালে কুষ্টিয়ার দৌলতপুর থানাধীন দাড়েরপাড়া গ্রামস্থ দাড়েরপাড়া-গোড়ারপাড়া জামে মসজিদ এর সামনে পাঁকা রাস্তার উপর হতে তাকে গাঁজাসহ আটক করা হয়। আটককৃত রতন সর্দার একজন মাদক ব্যাবসায়ী।

তার বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়। থানা এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার্থে চলমান অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে নকল এ্যজমা ও গ্যাষ্ট্রিকের ঔষধ জব্দ

ঝিনাইদহ শহরের আরাপপুর মাস্টার পাড়া থেকে বিপুল পরিমাণ নকল এ্যজমা ও গ্যাসের ঔষধ জব্দ করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। সেসময় এই ঔষধ মজুদ ও বিক্রির অভিযোগে বাড়ির মালিক গোলাম নবীকে আটক করে ভ্রাম্যমান আদালত বসিয়ে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

গত বৃহস্পতিবার দিবাগত রাত ১১ টার দিকে এ অভিযান পরিচালিত হয়। ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, বেশ কিছুদিন ধরেই শহরের আরাপপুর মাস্টারপাড়া এলাকার একটি বাড়িতে নকল ঔষধ মজুদ করে বিক্রি করা হচ্ছে এমন অভিযোগ আসে। এই অভিযোগের প্রেক্ষিতে রাতে গোলাম নবী’র বাড়িতে অভিযান চালানো হয়।

সেসময় ছাদে ওঠার সিড়ির নিচে কয়েকটি কার্টুনে রাখা নকল এ্যজমার ঔষধ মন্টেয়ার-১০ ট্যাবলেট ৫৯১ টি, গ্যাসের ঔষধ সেকলো ও প্যান্টোনিক্স ক্যাপসুল ৪৩৩ টি এবং বেশ কিছু মোনাস-১০ ট্যাবলেট জব্দ করা হয়।

পরে ভ্রাম্যমান আদালত বসিয়ে নকল ঔষধ বিক্রি ও মজুদ রাখার দায়ে বাড়ির মালিক গোলাম নবী’কে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা

হয়। অভিযানের নের্তৃত্ব দেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট কামরুজ্জামান সরকার।

এসময় আরো উপস্থিত ছিলেন জেলা ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক রেহান হাসান, বিসিডিএস জেলা শাখার সভাপতি রফিকুল করিম, সিনিয়র সহ-সভাপতি মোস্তাকিবুর রহমান সহ পুলিশ সদস্যরা।

আলমডাঙ্গায় সরকারি বিধি নিষেধ না মানায় ৬ জনকে জরিমানা

আলমডাঙ্গায় সরকারি বিধি নিষেধ অমান্য করে রাস্তায় চলাচল করার অপরাধে ৬ জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার(ভূমি) হুমায়ন কবীর এ আদালত পরিচালনা করেন।

আদালত চলাকালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক ওসি (তদন্ত) এমএম সেলিম ও সেনাবাহিনীর একটি টিম। জানাগেছে, আলমডাঙ্গা পৌর শহরের স্বাধীনতা স্তম্ভ মোড়, নতুন বাস স্টান্ড, রেল ষ্টেশন, লাল ব্রিজ, সাদাব্রিজ, কালিদাসপুর, আনন্দধাম ব্রিজসহ শহরের বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করেন।

এ সময় সরকারি বিধি নিষেধ অমান্য করে মোটরসাইকেল নিয়ে বাইরে ঘোরাঘুরি করার করার অপরাধে উপজেলার মুন্সিগঞ্জের আবু ইসরাইলের ছেলে আব্দুস সাত্তারকে ৩শ টাকা, মিরপুর উপজেরার হালসা গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে সিরাজুল ইসলামকে ৫শ টাকা, আব্দুস সাত্তারের ছেলে হেলাল উদ্দিনকে ৫শ টাকা গোবিন্দপুর গ্রামের সারজেত আলীর ছেলে সাবদার আলীকে ৩শ টাকা, সিরাজুল ইসলামের ছেলে জিসানকে ৬শ টাকা, মাদ্রাসাপাড়ার আব্দুল ওয়াহেদের ছেলে পারভেজকে ৬শ টাকা, জরিমানা করেন।

কুষ্টিয়ায় লকডাউন অমান্য করায় ৬৩ জনকে জরিমানা

দুই সপ্তাহব্যাপী ঘোষিত লকডাউনে বৃহস্পতিবার সরকারি বিধি-নিষেধ অমান্য করায় কুষ্টিয়ায় ৬৩জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দিনব্যাপী জেলার ছয়টি উপজেলায় পৃথক পৃথক ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এই অর্থদণ্ড প্রদান করা হয়।

জানা গেছে, করোনা সংক্রমণ রোধে সারাদেশে ১ জুলাই থেকে ১৪ জুলাই দুই সপ্তাহ কঠোর লকডাউনের ঘোষণা দেওয়া হয়েছে। লকডাউন কার্যকর করতে বৃহস্পতিবার জেলার সকল উপজেলায় আলাদা আলাদা ভ্রাম্যমাণ আদালতের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর টহল জোরদার করা হয়। কিন্তু সরকারি বিধিনিষেধ উপক্ষো করে দোকান-পাট খোলা, অযথা ঘোরাফেরা ও স্বাস্থ্যবিধি না মানায় পৃথক ভ্রাম্যমাণ আদালত অভিযান চালায়। অভিযানে স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসার (ইউএ্নও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভুমি) ৫৪ টি মামলায় ৪৩ হাজার ৮শ টাকা অর্থদণ্ড প্রদান করেন।

কুষ্টিয়ার স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দে বলেন, দিনব্যাপী অভিয়ান পরিচালনা করে জেলা ছয়টি উপজেলায় ৬৩জনকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মুল) আইন, ২০১৮ (দন্ডবিধি,১৮৬০) বিধি মোতাবেক ৪৩হাজার ৮শ টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তিনি আরও জানান, লকডাউন কার্যকর ও জনসাধারণকে সচেতন করতে সকল উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলায় মাইকিং করা হয়েছে। পাশাপাশি ভ্রাম্যমাণ আদালত ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা মাঠে রয়েছে। যারা সরকার ঘোষিত নির্দেশনা অমান্য করবে তাদের বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি না মানায় ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি ও মাক্স পরিধান না করায় মোবাইল কোর্ট পরিচালনায় ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। করোনা পার্দূভাব নিয়ন্ত্রণ ও লকডাউনে বিধিনিষেধ বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড করেন।

বৃহস্পতিবার দিনব্যাপী বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) সমন্বয়ে উপজেলার জুরানপুর,পারকৃষ্টপুর-মদনা ইউনিয়ন ও দর্শনা পৌরসভার বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।মোবাইল কোর্ট পরিচালনা কালে দণ্ডবিধি ১৮৬০ এর ২৬৯ ধারায় ৪ টি মামলায় ৬ জনকে ১১ হাজার ৪’ শ টাকা অর্থদন্ড করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ।

মোবাইল কোর্ট পরিচালনা কালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ জনস্বার্থে বলেন, করোনা থেকে রক্ষা পেতে হলে আমাদের সরকারের দেওয়া সকল ধরনের বিধিনিষেধ মেনে চলতে হবে। সীমান্তবর্তী এলাকাগুলোতে। ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ।

কয়েকদিনের ব্যবধানে মৃত্যুর হার বেড়েই চলেছে ।আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল,সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি।

আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকার জন্য পরামর্শ দেন আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার দ্বিতীয় ঢেউ। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

দর্শনায় আট লক্ষ টাকার কোরিয়ান সিগারেটসহ ২জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের অভিযানে দুই বস্তা কোরিয়ান সিগারেটসহ ২জন গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, গত বুধবার রাত ১২ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস,আই মোঃ হারুন উর রশিদ (পিপিএম), এ এস আই মোঃ শাহিন আলম, এ এস আই রওশন আলী এবং সঙ্গীয় ফোর্সসহ

দর্শনা থানাধীন নতুন গ্রাম এবং কুড়ুলগাছি গ্রামের মধ্যবর্তী দো- বেলীর পোল নামক স্থানে পিচের রাস্তার উপর হতে ০২টি চটের বস্তা ভর্তি কোরিয়ায় তৈরি SUPER SLIM GOLDEN LEAF সিগারেটসহ ২ জনকে গ্রেফতার করে।

যাহার আনুমানিক বাজার মূল্য ৮ লক্ষ টাকা। গ্রেফতারকৃত আসামীরা হল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বড়বলদিয়া গ্রামের মৃতঃ মোফাজ্জেল হকের ছেলে মোঃ আশরাফ আলী (৫০) ও আশরাফ আলীর ছেলে মোঃ সুজন আলী (১৭)।

পুলিশ আরও জানায়, বিদেশী সিগারেট শুল্ক ফাঁকি দিয়ে বাংলাদেশে চোরাচালানের মাধ্যমে আনায়ন করার অপরাধে তাদের গ্রেফতার করা হয় এবং আসামি ও আইনের সহিত সংঘাতে জড়িত কিশোরের বিরুদ্ধে দর্শনা থানার মামলা দায়ের করা হয়েছে।

যার মামলা নং-০৫। তারিখ ০৮/৭/২০২১ খ্রিঃ। ধারা The Special Powers Act 1974 ১৯৭৪ এর ২৫-বি(১)(বি)/২৫-ডি রুজু হয়।

কুষ্টিয়ায় লকডাউন অমান্য করায় ৫৪ জনকে জরিমানা

দুই সপ্তাহব্যাপী ঘোষিত লকডাউনে বুধবার সরকারি বিধি-নিষেধ অমান্য করায় কুষ্টিয়ায় ৫৪জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বুধবার দিনব্যাপী জেলার ছয়টি উপজেলায় পৃথক পৃথক ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এই অর্থদণ্ড প্রদান করা হয়।

করোনা সংক্রমণ রোধে সারাদেশে ১ জুলাই থেকে ১৪ জুলাই দুই সপ্তাহ কঠোর লকডাউনের ঘোষণা দেওয়া হয়েছে। লকডাউন কার্যকর করতে বুধবার জেলার সকল উপজেলায় আলাদা আলাদা ভ্রাম্যমাণ আদালতের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর টহল জোরদার করা হয়। কিন্তু সরকারি বিধিনিষেধ উপক্ষো করে দোকান-পাট খোলা, অযথা ঘোরাফেরা ও স্বাস্থ্যবিধি না মানায় পৃথক ভ্রাম্যমাণ আদালত অভিযান চালায়।

অভিযানে স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসার (ইউএ্নও) ও নির্বাহী ম্যাজিস্ট্রে, সহকারী কমিশনার (ভুমি) ৩৩ টি মামলায় ৩৬ হাজার ২শ টাকা অর্থদণ্ড প্রদান করেন। কুষ্টিয়ার স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দে বলেন, দিনব্যাপী অভিয়ান পরিচালনা করে জেলা ছয়টি উপজেলায় ৫৪জনকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মুল) আইন, ২০১৮ (দন্ডবিধি,১৮৬০) বিধি মোতাবেক ৩৬ হাজার ২শ টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তিনি আরও জানান, লকডাউন কার্যকর ও জনসাধারণকে সচেতন করতে সকল উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলায় মাইকিং করা হয়েছে। পাশাপাশি ভ্রাম্যমাণ আদালত ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা মাঠে রয়েছে। যারা সরকার ঘোষিত নির্দেশনা অমান্য করবে তাদের বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে।